

## চেতনার নবায়ন

মাহমুদা রঞ্জু

আমার জন্য একটুকরো জমি রেখো  
ওই ওখানে —  
যেখানে বার্ষিক গতি বড় বেশী  
ভাসায় ডোবায় আনন্দ-বেদনার প্লাবনে ।  
যেখানে মানব বন্ধন জেগে ওঠে বারবার  
চেতনার নবায়নে ॥

ওখানে একজন সুশীল রমনী  
একা একা জাগছে প্রহরের পর প্রহর  
৩৫গুণ ৩৬৫ প্রহর ।  
এইবার আরো একবার  
প্রতিরোধের দীপ্তিদীপ জ্বলে  
৫৫ হাজার বর্গমাইলকে বুকের পাজর দিয়ে  
বাঁধবে ।  
চেতনার নবায়নে ।  
সুশীল রমনী জেগেছে। মাটৈ ॥॥

সুশীল রমনী জেগেছে আবার ।  
রত্নগর্ভার অমূল্য রত্নেরা ব্যস্ত -  
কৃৎসিত আগাছা, বিষাক্ত পরগাছা উৎপাটনে ।  
জড়ো হোয়েছে বিবন্দ্র স্বাধীনতার বিবর্ণ প্রাঙ্গনে ।  
মাটৈ মাটৈ জাগে, নবচৈতন্যে জাগে  
আরো একবার বিস্ফারিত ।  
পুনঃপুনঃ রক্তপ্লাবনে রমনী সহিষ্ণু ।  
পৌনপৌনিকে ।  
সুশীল রমনী জেগেছে এবার  
পদস্থলিত আপন সন্তান নিধনে ।  
ওখানেই আমাকে দিও একটুকরো জমি ।

আমাকে দিও একটুকরো জমি  
তোমার উঠোনে ।  
বার্ষিক গতির আবর্তে ঘড়ুখতুর বিবর্তে  
ঝড় হবে, বৃষ্টি ঝড়বে,  
হবে পলাশ কৃষ্ণচূড়ায় রাঙ্গা । পুনঃপুনঃ ।  
পৌনপৌনিকে ।  
সুশীল রমনী —  
তোমার ৫৫ হাজার বর্গমাইলের স্নেহের অচলায়তনে ।

সুজলা শ্যামলা স্নেহের অচলায়তনে ।  
চেতনার নবায়নে ।  
স্বপ্নের রূপায়নে ।  
স্বাধীনতা দীপায়নে ।  
দীপ্তিদীপ অনৰ্বানে ।  
সুশীল রমনী জেগেছে। মাটৈ ॥॥॥